বাগেরহাটে বাসমালিক ও শ্রমিকদের সচেতনতা বৃদ্ধিতে সভা

সড়ক পরিবহন নতুন আইন বস্তবায়নে বাগেরহাটে জেলা বাস মালিক ও শ্রমিকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে বাগেরহাট কেন্দ্রীয় বাসষ্ট্যান্ড চত্তরে বাগেরহাট জেলা পুলিশের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বাগেরহাটের পুলিশ সুপার পঙ্কজ চন্দ্র রায়।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, বাগেরহাট বিআরট্’◌ির সহকারী পরিচালক তানভীর আহম্মেদ, বাগেরহাট বাস মালিক সমিতির সভাপতি নজরুল ইসলাম মন্টু, সাধারন সম্পাদক তালুকদার আব্দুল এ বাকী, মালিক সমিতির নেতা নকিব নজিবুল হক নজু, শেখ মাসুদ, শ্রমিক নেতা রেজাউর রহমান মন্টু, ট্রাফিক ইন্সপেক্টর প্রশাসন মামুন অর রশিদ প্রমুখ।

বক্তারা বলেন, নিরাপদ সড়ক নিশ্চিত করতে সড়ক পরিবহন (২০১৮) নতুন আইন সম্পর্কে জানতে হবে এবং বাস্তবায়নে আমাদের সকলকে আন্তরিক হতে হবে। যানবাহনের চালক, চালকের সহকারীসহ গণ পরিবহনের সাথে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণের মাধ্যমে আইন মেনে চলতে সকলের প্রতি আহবান জানান বক্তারা।